

আগামী সেশন থেকে ঢাকা ভার্শিটিতে ৮টি নতুন বিভাগ খোলা হচ্ছে

গিয়াস উদ্দিন রিমন ৯ আগামী শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৮টি নতুন বিভাগ খোলা হচ্ছে। অনার্স শ্রেণীতে ৩টি এবং মাস্টার্স শ্রেণীতে ৫টি বিভাগ খোলা হবে। এই নতুন বিভাগগুলো খোলার প্রক্রিয়া সম্পন্ন হতে চলছে। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন পাওয়া গেলে আগামী জুন থেকে শুরু হওয়া নতুন শিক্ষাবর্ষ হতে বিভাগগুলো চালু হতে পারে। বিভাগগুলো চালু হলে এই সেশন থেকে আরো প্রায় ৪শ' ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পাবে। ঈদের ছুটি শেষে ৮ ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় খোলার পর এই নতুন বিভাগ চালু করার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর একে আজাদ চৌধুরী এই তথ্য জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৪০টি বিভাগ

১১-এর পৃ: ৪-এর ক: দেখুন

ঢাকা ভার্শিটি

প্রথম পৃষ্ঠার পর

চালু রয়েছে। নতুন ৮টি বিভাগ চালু হলে বিভাগের সংখ্যা হবে ৪৮টি। নতুন বিভাগগুলোর মধ্যে ৩টি অনার্স শ্রেণীতে চালু করা হবে। এগুলো হলো : একোয়াকালচার ফিশারিজ বিভাগ; নিউট্রিশন, ফুড সায়েন্স এন্ড ফুড টেকনোলজী বিভাগ এবং টেলিকমিউনিকেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স এন্ড ইলেকট্রিক টেকনোলজী বিভাগ। বিজ্ঞান অনুষদের বর্তমান ফলিত পদার্থবিদ্যা বিভাগের নাম ও সিলেবাস পরিবর্তন করে নতুন টেলিকমিউনিকেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স এন্ড ইলেকট্রিক টেকনোলজী বিভাগ চালু করা হতে পারে।

মাস্টার্স শ্রেণীতে নতুন ৫টি বিভাগ চালু করা হবে। এর মধ্যে রয়েছে : আমেরিকান স্ট্রাডিজ বিভাগ, পিস্ এন্ড কনফ্লিক্ট স্টাডিজ বিভাগ, পপুলেশন সায়েন্স বিভাগ ও বায়ো-টেকনোলজী বিভাগ। আরেকটি বিভাগের নামকরণ চূড়ান্ত হয়নি। পপুলেশন সায়েন্স বিভাগের ৪টি শাখা থাকবে। এগুলো হচ্ছে : পপুলেশন প্র্যানিং, রিপ্রডাকটিভ বায়োলজী, ইকোনমিকস ইস্যুজ এবং সোশ্যাল ইস্যুজ। এ বিভাগটিতে পরে অনার্স চালু করা হবে। বর্তমানে কলা, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের অধীনে নতুন এ ৮টি বিভাগ চালু করা হবে।

ভিসি প্রফেসর একে আজাদ চৌধুরী বলেন, ঈদের ছুটি শেষে বিশ্ববিদ্যালয় খুললে ভর্তি কমিটি ১৯৯৭-৯৮ সেশনে অনার্সের ভর্তি পরীক্ষার সময়সূচী নির্ধারণ করবে। ফেব্রুয়ারী মাসেই ভর্তি আহ্বান করা হতে পারে এবং এপ্রিলের মাঝামাঝি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। জুন থেকে এ সেশনের ক্লাস শুরু হবে।

প্রফেসর আজাদ চৌধুরী গত জুন মাসে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে তার ভাষণে সময়ের চাহিদা পূরণে বিশ্ববিদ্যালয়ে নতুন ২০টি বিভাগ চালুর প্রস্তাব করেন। তন্মধ্যে প্রাথমিকভাবে এ বছর ৮টি বিভাগ চালু করা হচ্ছে। এছাড়াও তিনি বিশ্ববিদ্যালয়ে দুইটি উন্নতমানের গবেষণা প্রতিষ্ঠান 'সেন্টার অব এন্সিলিপ' চালু করার উদ্যোগে নিয়েছেন।